

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
পরিবহন শাখা  
[www.mopa.gov.bd](http://www.mopa.gov.bd)

নং- ০৫.০০.০০০০.১২১.২২.০১০.১৯-৩৩৮

১৫ পৌষ, ১৪২৬ বঙ্গাব্দ  
তারিখ : -----  
৩০ ডিসেম্বর, ২০১৯ খ্রি.

পরিপত্র

**বিষয় : সরকারি যানবাহন অধিদপ্তরের পুরাতন, সীমিত যাত্রায় ব্যবহার উপযোগী কিছু আর্থিকভাবে অলাভজনক ও জীবনকাল (life time) উত্তীর্ণ যানবাহন অন্য সরকারি সংস্থায় বিনামূল্যে হস্তান্তর।**


বর্তমানে মন্ত্রণালয়/বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/সংযুক্ত দপ্তর/পরিদপ্তরের মোটরযান, নৌ-যান, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণ ও নিষ্পত্তির লক্ষ্যে প্রণীত বিদ্যমান নীতিমালা অনুযায়ী অকেজো/ক্ষয়প্রাপ্ত যানবাহনসমূহ নিলাম/নিষ্পত্তি করা হচ্ছে। কিছু সংখ্যক পুরাতন, সীমিত যাত্রায় ব্যবহার উপযোগী কিছু আর্থিকভাবে অলাভজনক ও জীবনকাল (life time) উত্তীর্ণ যানবাহন বিভিন্ন সরকারি সংস্থা বিআরটিসি, বিএমইটি, কারিগরি প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহে বিশেষায়িত প্রশিক্ষণ কার্যক্রমে ব্যবহারের মাধ্যমে দক্ষ জনশক্তি সৃষ্টি তথা মানবসম্পদ উন্নয়নে ভূমিকা রাখার লক্ষ্যে বা অন্যান্য আবশ্যিক কারণে বিভিন্ন সরকারি সংস্থায় বিনামূল্যে হস্তান্তর করা হচ্ছে।

০২। এমতাবস্থায়, সরকারি যানবাহন অধিদপ্তরের পুরাতন, সীমিত যাত্রায় ব্যবহার উপযোগী কিছু আর্থিকভাবে অলাভজনক ও জীবনকাল (life time) উত্তীর্ণ যানবাহন অন্য সরকারি সংস্থায় বিনামূল্যে হস্তান্তর কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার নিমিত্ত নিম্নবর্ণিত ব্যবস্থা গ্রহণ করতে হবে:

- (ক) পুরাতন, সীমিত যাত্রায় ব্যবহার উপযোগী কিছু আর্থিকভাবে অলাভজনক ও জীবনকাল (life time) উত্তীর্ণ যানবাহন মেরামত ও সংস্কারপূর্বক প্রশিক্ষণ কার্যক্রমে ব্যবহারের মাধ্যমে দক্ষ জনশক্তি সৃষ্টির লক্ষ্যে সীমিত ব্যবহার উপযোগী এরূপ যানবাহন প্রাপ্তির অনুরোধপত্র প্রাপ্তির পর আর্থিকভাবে অলাভজনক ও জীবনকাল (life time) উত্তীর্ণ যানবাহনের সংখ্যা ইত্যাদি বিবেচনায় রেখে সেগুলো হস্তান্তর করার উদ্যোগ গ্রহণ করতে হবে;
- (খ) সরকারি যানবাহন অধিদপ্তর হতে পুরাতন, সীমিত যাত্রায় ব্যবহার উপযোগী কিছু আর্থিকভাবে অলাভজনক ও জীবনকাল (life time) উত্তীর্ণ যানবাহন হস্তান্তরের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী/মন্ত্রীর অনুমোদন গ্রহণ করতে হবে;
- (গ) মাননীয় প্রতিমন্ত্রী/মন্ত্রীর হস্তান্তর সংক্রান্ত প্রস্তাবনার অনুমোদিত শর্তসমূহের আলোকে সরকারি যানবাহন অধিদপ্তর এবং প্রত্যাশী সরকারি সংস্থা/প্রতিষ্ঠানের মধ্যে সমঝোতা স্মারক (Memorandum of Understanding) সম্পাদন করতে হবে;
- (ঘ) সরকারি যানবাহন অধিদপ্তর প্রত্যাশী সরকারি সংস্থা/প্রতিষ্ঠানের নিকট পুরাতন, সীমিত যাত্রায় ব্যবহার উপযোগী কিছু আর্থিকভাবে অলাভজনক ও জীবনকাল (life time) উত্তীর্ণ যানবাহন বিনামূল্যে হস্তান্তর করবে;
- (ঙ) গ্রহণকারী সংস্থা/প্রতিষ্ঠান (প্রত্যাশী সংস্থা) কর্তৃক যানবাহন গ্রহণের পর নিজস্ব ব্যবস্থাপনায় প্রয়োজনীয় মেরামত/সংস্কারের মাধ্যমে (প্রয়োজ্য ক্ষেত্রে) প্রশিক্ষণের লক্ষ্যে চলাচল উপযোগী/ব্যবহার উপযোগী করতে হবে;

- (চ) জনস্বার্থে যানবাহন সমূহের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করতে হবে। ব্যক্তিগত কাজে এ সকল যানবাহন ব্যবহার করা যাবে না;
- (ছ) যানবাহনসমূহ প্রশিক্ষণের জন্য দূরপাল্লার সড়ক/মহাসড়কে ব্যবহার করা যাবে না।
- (জ) গ্রহণকারী সংস্থা প্রতিটি যানবাহনের হিষ্ট্রিবুক ও লগবুক সংরক্ষণ করবে;
- (ঝ) প্রযোজ্য ক্ষেত্রে গ্রহণকারী সংস্থা জনপ্রশাসন মন্ত্রণালয়কে অবহিত রেখে ব্যবহার অনুপযোগী যানবাহনসমূহ নীতিমালা অনুযায়ী নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করবে;
- (ঞ) যানবাহন ব্যবহার, মেরামত এবং প্রয়োজনমতে সংশ্লিষ্ট নীতিমালা অনুযায়ী নিষ্পত্তিকরণের ক্ষেত্রে কোন অনিয়ম হলে গ্রহণকারী সংস্থা/প্রতিষ্ঠান দায়ী থাকবে;
- (ট) যথাযথ প্রক্রিয়ায় সংশ্লিষ্ট বিধি-বিধান অনুযায়ী পুরাতন, সীমিত যাত্রায় ব্যবহার উপযোগী কিন্তু আর্থিকভাবে অলাভজনক ও জীবনকাল (life time) উত্তীর্ণ যানবাহন ব্যতীত অন্য কোন যানবাহন উপযুক্ত পদ্ধতিতে হস্তান্তরযোগ্য হবে না।

০৩। জনস্বার্থে এ পরিপত্র জারি করা হলো এবং জারির তারিখ হতে এটি কার্যকর হবে।

  
 ফরুজ আহম্মদ  
 সিনিয়র সচিব  
 জনপ্রশাসন মন্ত্রণালয়

বিতরণ :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা
৩. সিনিয়র সচিব/সচিব ..... মন্ত্রণালয়/বিভাগ
৪. মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সিএন্ডএজি'র কার্যালয়, ৪৩ নং কাকরাইল সড়ক, ঢাকা
৫. সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, পুরাতন বিমানবন্দর, ঢাকা
৬. বিভাগীয় কমিশনার..... (সকল)
৭. জেলা প্রশাসক ..... (সকল)
৮. উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (গেজেটে প্রকাশের অনুরোধসহ)
৯. সিনিয়র সিস্টেমস এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)